০০৬৫, 
০৬/০২/২০২৩

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭. ৮৩৯৭

তারিখ: ৩১/০১/২০২৩ খ্রিঃ।

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বক্‌র সিদ্দিক), গ্রন্থাগারিক স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যুক্তরাজ্য গমনের জন্য ০৪ (চার) মাসের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৪৯৮ তারিখ-০২/০৬/২০২১ মূলে ০২ (দুই) মাস বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে যুক্তরাজ্য গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি;

২.০ যেহেতু, অনুমোদিত ছুটি শেষ হওয়ার পরে ১৮/০৮/২০২১ তারিখের এক পত্র মারফত কর্তৃপক্ষকে অবগত করেন যে, আপনি গর্ভাবস্থা সময় অতিবাহিত করছেন এবং শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ায় ডাক্তারের পরামর্শমতে ৬/৭ মাস বেড রেস্টে থাকার কথা উল্লেখ করে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের জন্য আবেদন জানান এবং উক্ত সময় অতিবাহিত হলেও কাজে যোগদান করেননি ও যথানিয়মে ছুটির আবেদন করেননি;

৩.০ যেহেতু, অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ০১/০৮/২০২১ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করার ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে আপনার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৩২৯ তারিখ: ৩১/০৩/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৩/২০২২ রুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ আপনার স্থায়ী ঠিকানায়, বহিঃবাংলাদেশ ঠিকানায় এবং ব্যক্তিগত ই-মেইলে প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৫.০ যেহেতু, আপনি যুক্তরাজ্য হতে ১১/০৪/২০২২ তারিখে স্বাক্ষরিত একটি জবাব ই-মেইলে প্রেরণ করেন কিন্তু সশরীরে উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক ১২/০১/২০২৩ তারিখ একটি প্রতিবেদন দাখিল করেন; এবং

৬.০ যেহেতু, আপনার গত ১৮/০৮/২০২১, ০৩/০৪/২০২২, ১০/০৪/২০২২ ও ১১/০৪/২০২২ তারিখে দাখিলকৃত যথাক্রমে বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি বর্ধিতকরণের আবেদন, অভিযোগের জবাব, মাতৃত্বকালীন ছুটি ভোগের আবেদন ও বিভাগীয় মামলার অভিযোগের জবাবে ইংল্যান্ডে স্বামীর নিকট গমনের পর গর্ভাবস্থা ও অসুস্থতাজনিত কারণে ডাক্তারি পরামর্শে ৬/৭ মাস নড়াচড়া না করে বেড রেস্টে থাকার কারণে নির্ধারিত সময়ে দেশে আসতে না পারার বিষয়টি উল্লেখপূর্বক তন্মধ্যে ০৩/০৪/২০২২ ও ১১/০৪/২০২২ তারিখের পত্রে মানবিক দিক বিবেচনার আবেদন জানালেও পরবর্তীতে তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রেরিত পত্রের প্রেক্ষিতে গত ০৪/০৮/২০২২ তারিখের জবাবে আপনার কন্যা সন্তানের পাসপোর্ট না হওয়া পর্যন্ত দেশে না ফেরার উদ্দেশ্যটি প্রতীয়মান হয় যা কোনক্রমেই মানবিক বিষয় হিসেবে বিবেচিত হওয়ার দাবিদার নয় বিধায় আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে। এছাড়া আপনার প্রেরিত বিভিন্ন পত্রে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেননি মর্মে কর্তৃপক্ষের বিরুদ্ধে পাল্টা অভিযোগ অসত্য বলে প্রতীয়মান হয়েছে।

৭.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা-০২ দ্রষ্টব্য

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনাকে কর্তৃপক্ষের 'চাকরি হতে বরখাস্তকরণ' দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর ৫৩(৬) প্রবিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭/০৭/২০২৫

মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
☎ ৮৯০১০৬৮

জনাব তানিয়া আক্তার
(পিতা-আবু বক্কর সিদ্দিক), গ্রন্থাগারিক
আইন শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: ২৫৮ দক্ষিন সাটির পাড়া, গ্রাম-কুমিল্লা কলোনী,
ডাকঘর-নরসিংদী-১৬০০, থানা ও জেলা-নরসিংদী।
বহিঃ বাংলাদেশ ঠিকানা:
TANIA AKTER, C/O-Mr. Raju Miah,
4 Leonard Close, Cambridge, CB5 8TR, United Kingdom.
tania474akter@gmail.com
01928770474

বিতরণ:

১। আইন কর্মকর্তা ও পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
২। পরিচালক (এফএসআর), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭। সহকারী পরিচালক (আইন), আইন শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক শৃঙ্খলা ও তদন্ত শাখায় প্রেরণের জন্য)।

১৭/০৭/২০২৫

মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।